

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩১৮১

২১/ যবেহ করা (حثابائح)

পরিচ্ছেদঃ ২১/৭. দুগ্ধবতী পশু যবেহ করা নিষেধ

بَابِ النَّهْيِ عَنْ ذَبْحِ ذَوَاتِ الدَّرِّ

আরবী

حَدَّ ثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّد، حَدَّ ثَنَا عَبْدُ الرَّحْمَنِ الْمُحَارِبِيُّ، عَنْ يَحْيَى بْنِ عُبَيْدِ اللَّهِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَة، قَالَ حَدَّثِنِي أَبُو بَكْرِ بْنُ أَبِي قُحَافَة، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ لَهُ وَلِعُمَرَ " انْطَلِقُوا بِنَا إِلَى الْوَاقِفِيِّ ". قَالَ فَانْطَلَقْنَا فِي الْقَمَرِ حَتَّى أَتَيْنَا الْحَائِطَ فَقَالَ مَرْحَبًا وَأَهْلاً . ثُمَّ أَخَذَ الشَّفْرَة ثُمَّ جَالَ فِي الْغَنَمِ فَقَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " إِيَّاكَ وَالْحَلُوبَ " . أَوْ قَالَ " ذَاتَ الدَّرِ " .

বাংলা

২/৩১৮১। আবৃ বকর ইবনে আবৃ কুহাফা (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে ও উমার (রাঃ) কে বলেনঃ তোমরা উভয়ে আমাদের সাথে আল-ওয়াকিফীর নিকট চলো। রাবী বলেন, আমরা চাঁদনি রাতে রওয়ানা হলাম এবং শেষে (আল-ওয়াকিফীর) বাগানে গিয়ে পৌঁছলাম। আল-ওয়াকিফী বলেন, সাদর সম্ভাষণ। অতঃপর তিনি একটি ছুরিসহ মেষ পালের মধ্যে চক্কর দিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেনঃ সাবধান! দুগ্ধবতী পশু যবেহ করো না।

English

Abu Hurairah narrated that Abu Bakr bin Abu Quhafah narrated that the Messenger of Allah (ﷺ) said to him and to 'Umar:

"Let us go out to Waqifi." He said: "So we went out in the moonlight until we came to the garden and he (the owner of the garden) said: 'Welcome.' Then he took up the knife and went among the sheep (to choose one for slaughter), and the Messenger of Allah () said: 'Avoid those that are lactating.'"



ফুটনোট

মুসলিম ২০৩৮, তিরমিয়ী ২৩৬৯, যইফাহ ৪৭১৯ নং হাদিসের অনুরূপ।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ইয়াহইয়া বিন উবায়দুল্লাহ সম্পর্কে আবু আহমাদ বিন আদী আলজুরজানী বলেন, তার কিছু হাদিসের অনুসরণ করা যাবে না। আবু বাকর বিন আবু শায়বাহ বলেন, তিনি হাদিসের ক্ষেত্রে গায়র সিকাহ। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সিকাহ নয়। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল তার থেকে কোন হাদিস গ্রহন করা যাবে না। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। ইমাম দারাকুতনী ও ইমাম যাহাবী তাকে দুর্বল বলেছেন। সুফইয়ান বিন উয়াইনাহ বলেন, তিনি দুর্বল ছিলেন। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তার থেকে কোন হাদিস গ্রহন করা যাবে না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৮৭৬, ৩১/৪৪৯ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু বকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন